

পরিবারকে প্রস্তুত রাখার নির্দেশিকা

পরিবারকে প্রস্তুত রাখা বলতে কি বোঝায়?

- পরিবারকে প্রস্তুত রাখা বলতে আইনি, আর্থিক ব্যবস্থা ও কারও খেয়াল রাখার বিষয়ে আগে থেকে পরিকল্পনা করে রাখা বোঝায়। যদি কাউকে আটক করা হয় বা দেশ থেকে বের করে দেওয়া হয়, তাহলে এই পরিকল্পনা তাদের সন্তান, প্রিয়জন ও গুরুত্বপূর্ণ বিষয়গুলিকে সুরক্ষিত রাখবে।

এটা দরকারি কেন

- আগে থেকে প্রস্তুতি না থাকলে বাচ্চারা বাবা-মায়ের থেকে আলাদা হয়ে যেতে পারে, পরিবারগুলি তাদের সঞ্চিত অর্থ থেকে বঞ্চিত হতে পারে বা প্রিয়জনেরা এই প্রক্রিয়ার মধ্যে হারিয়ে যেতে পারে। এই ধরণের পরিস্থিতি আটকানো যেতে পারে।



নিজের অধিকারগুলি জানুন

- নিজের অধিকারগুলি বুঝতে পারা গেলে এবং সেগুলি কখন ও কীভাবে ব্যবহার করতে হবে তা জানা গেলে, আপনি নিজেকে ও নিজের পরিবারকে আটক হওয়ার হাত থেকে বাঁচাতে পারবেন। [আরও জানুন এখানে।](#)



[নো ইয়োর
রাইটস গাইড](#)

আপদকালীন যোগাযোগ ঠিক করুন

- আপদকালীন পরিস্থিতিতে যার সাথে যোগাযোগ করবেন তিনি যেন একজন বিশ্বস্ত প্রাপ্তবয়স্ক মানুষ হন, আপনার কিছু হলে তিনি যেন দায়িত্বের সাথে ও দ্রুত পদক্ষেপ নিতে পারেন। সেই ব্যক্তির অভিবাসন স্থিতির কথা মাথায় রাখাটা খুব জরুরী। যদি তারও আটক হওয়ার বিপদ থাকে, তাহলে আপনাকে সাহায্য করা হয়তো তার পক্ষে সম্ভব হবে না। মনে রাখবেন, আপদকালীন যোগাযোগ একাধিক ব্যক্তির সাথে করা যেতে পারে, ফলে দরকারের সময় একজনকে পাওয়া না গেলে অন্য জনের কাছ থেকে সাহায্য পাওয়ার সুবিধা ও অতিরিক্ত সুরক্ষা আপনি পাবেন। আপনার আপদকালীন যোগাযোগের ব্যক্তি যেন দ্রুত ফোন ধরার অবস্থায় থাকেন সেটা নিশ্চিত করুন। তাদের কাছে আপনার A#, জন্মতারিখ ও আপনার আসল দেশের তথ্য থাকবে যাতে আটক করার পরে আপনি কোথায় আছেন তা খুঁজে বের করতে পারেন। আপদকালীন যোগাযোগ হিসাবে ঠিক করে নেওয়া ব্যক্তিকে যে যে দায়িত্ব নিতে হবে তার কিছু উদাহরণ নীচে দেওয়া হল।
- আপনার প্রয়োজনীয় ডকুমেন্ট সংগ্রহ করে রাখা।
- আপনার পরিবারের সদস্যদের খবর দেওয়া।
- একজন অভিবাসন আইনজীবীর সাথে যোগাযোগ করা ও আপনার পক্ষ থেকে ডকুমেন্ট জমা দেওয়া।
- আপনার নিয়োগকর্তাকে খবর দেওয়া।
- আপনার অবর্তমানে আপনার পোষ্যদের ও বাড়ির প্রয়োজনীয় কাজকর্ম সামলানো।
- আপনার সন্তানদের খেয়াল রাখা।
- আপনার টাকা-পয়সার খেয়াল রাখা।



[A# কি?](#)



আপনার সন্তানদের খেয়াল রাখার জন্য একজন ব্যক্তিকে বেছে নিন

- দুর্ভাগ্যবশত, ICE হানা দিলে ও গ্রেফতার করলে বাবা-মায়েদের অনেক সময়ই সন্তানদের থেকে আলাদা করে দেওয়া হয়। তাই আগে থাকতে বাচ্চাদের দেখাশোনার জন্য কাউকে নিযুক্ত করে রাখুন। এর ফলে বাচ্চারা দীর্ঘ সময়ের জন্য পরিবার থেকে বিচ্ছিন্ন হয়ে পড়বে না। সন্তানদের দেখাশোনা করার ব্যক্তিকে নিযুক্ত করার একটি সহজ উপায় হল প্যারেন্টাল ডেজিগনেশন ফর্ম (OCFS-4940)। এই ফর্মের মাধ্যমে আপনার পছন্দের একজন ব্যক্তি শিক্ষা ও চিকিৎসার সময় প্রয়োজনীয় সাধারণ কাজগুলি সামলাতে পারবেন, যেমন স্কুল থেকে বাচ্চাকে বাড়ি আনা বা তাকে ডাক্তারের কাছে নিয়ে যাওয়া। এই ফর্ম সই করার পরেও বাবা-মা তাদের সমস্ত অধিকার ধারণ করবেন।



[অপসারণ
আদেশ কি?](#)

নিজের মামলা খুঁজে নেওয়া

- কোর্ট সিস্টেমে নিজের মামলা কীভাবে খুঁজে নিতে হবে জানুন। আপনার আদালতের পরবর্তী তারিখ জানতে ও আপনাকে অপসারণের আদেশ দেওয়া হয়েছে কিনা নিশ্চিত হতে [acis.eoir.justice.gov](#) এ যান অথবা (800) 898-7180 এ কল করুন এবং নিজের A# ও আসল দেশের তথ্য দিন।

পরিবারকে প্রস্তুত রাখার নির্দেশিকা

আপনার ডকুমেন্টগুলি সাজিয়ে রাখুন

- আপনার গুরুত্বপূর্ণ ডকুমেন্টগুলির একাধিক কপি বানিয়ে রাখুন। এগুলির ডিজিটাল কপিও তৈরি করুন (আপনার ফোনে এই গুরুত্বপূর্ণ ডকুমেন্টগুলির ছবি তুলে রাখতে পারেন)।
- আসল ডকুমেন্টগুলিকে ও অন্ততপক্ষে একটি করে বাস্তব কপি কোনও নিরাপদ জায়গায় তুলে রাখুন।
- বাচ্চাদের ডকুমেন্টগুলির কপি বানান ও সেগুলিকে হাতের নাগালে রাখুন, মানে বাচ্চাদের পিঠের ব্যাগে একটি ফোল্ডারে ঢুকিয়ে রেখে দিন।
- আইন প্রয়োগকারীদের কাছে আপনার কোনও ডকুমেন্ট দেখানোর প্রয়োজন হলে, তাদের হাতে আপনার ফোন দিয়ে দেবেন না, এতে এমন ব্যক্তিগত তথ্য থাকতে পারে যা আপনি হয়তো তাদের জানাতে চাইবেন না।



আপনার আসল দেশের ট্র্যাভেল ডকুমেন্ট নিয়ে রাখুন

- সম্ভব হলে, আপনার ও সন্তানদের জন্য যত তাড়াতাড়ি হয়, নিজের আসল দেশ থেকে পাসপোর্ট/ ট্র্যাভেল ডকুমেন্টের আবেদন জানিয়ে ফেলুন। কোনও বৈধ ট্র্যাভেল ডকুমেন্ট ছাড়া আপনার সন্তানরা আন্তর্জাতিকভাবে ভ্রমণ করতে পারবে না আর U.S. ছাড়তে চাইলেও আপনাকে আটক রাখা হতে পারে। পাসপোর্ট/ ট্র্যাভেল ডকুমেন্টের জন্য কীভাবে আবেদন জানাবেন জানতে নিজের দেশের দৃতাবাসের সাথে যোগাযোগ করুন।

টাকা-পয়সার ব্যবস্থা করে রাখুন

- নগদ টাকার উপর ভরসা করার বদলে একটি ব্যাঙ্ক অ্যাকাউন্টে নিজের জমানো অর্থ রেখে দিন। আটক থাকা অবস্থায়, ফোন করতে বা প্রয়োজনীয় জিনিষ কিনতে আপনার টাকার দরকার হবে।
- আপনার ব্যাঙ্ক অ্যাকাউন্টের সাথে যেন একটি ডেবিট কার্ড সংযুক্ত থাকে, যাতে আপনি – বা আপনার বিশ্বস্ত কেউ – দরকারের সময় দ্রুত টাকা তুলতে পারেন, এমনকি বিদেশ থেকেও যেন চাইলে টাকা তোলা যায়।
- আগে থেকে অনলাইন ব্যাঙ্কিং পরিষেবা নিয়ে রাখুন। তাহলে, অন্য জায়গা থেকে নিজের টাকা ব্যবহার করতে কোনও অসুবিধাই হবে না।
- আপনার অ্যাকাউন্টের জয়েন্ট অ্যাকাউন্ট হোল্ডার হিসাবে একজন বিশ্বস্ত মানুষকে বেছে নিন, যাতে আপনার অবর্তমানে আপনার পরিবার এই টাকা তুলতে পারে।
- যতদূর সম্ভব টাকা সঞ্চয় করুন – জরুরী প্রয়োজনের জন্য জমানো অল্প কিছু টাকাও অনেক কাজে লাগতে পারে।

নীচের ফর্মগুলি প্রস্তুত করার চেষ্টা করুন

- আপনার সম্পর্কে গুরুত্বপূর্ণ তথ্য
- আপনার সন্তানদের সম্পর্কে গুরুত্বপূর্ণ তথ্য
- পে চেক অন্যের হাতে দেওয়ার অনুমতি
- সন্তানের ভ্রমণের অনুমতি
- সন্তানের অভিভাবক হওয়ার জন্য কাউকে প্রস্তুত রাখা
- প্যারেন্টাল ডেজিগেশন ফর্ম
- সন্তানদের জন্য U.S. পাসপোর্টের আবেদন



এই ফর্মগুলির বিষয়ে আরও জানতে, দেখুন আমাদের পরিবারকে প্রস্তুত রাখার নির্দেশিকা সংক্রান্ত ফর্ম।

পরিবারকে প্রস্তুত রাখার নির্দেশিকা সংক্রান্ত ফর্ম।

- এগুলির মধ্যে কয়েকটি ফর্মের মোটারি করতে হয়। নিউ ইয়র্ক রাজ্যে সই প্রতি \$2 হিসাবে মোটারির পারিশ্রমিক সীমাবদ্ধ করা আছে। সরকারি লাইব্রেরী, ব্যাঙ্ক, কিছু UPS বা ফেডএক্স অফিসে এবং ওয়ালগ্রিনগুলিতে মোটারি পরিষেবা পাওয়া যাবে। প্রতারণা হতে সাবধান: U.S.-এ মোটারিরা আইনজীবী নন এবং লাইসেন্সপ্রাপ্ত আইনজীবী না হলে তারা অভিবাসন সংক্রান্ত পরামর্শ দিতেও পারবেন না।

এই নির্দেশিকা শুধুমাত্র তথ্য জানানোর উদ্দেশ্যে তৈরি হয়েছে। এখানে কোনও আইনি পরামর্শ দেওয়া হয়নি। আপনার অধিকার, পরিবারিক পরিস্থিতি বা আপনার অভিবাসন মামলার বিষয়ে কোনও জিজ্ঞাসা থাকলে, আপনার একজন যোগ্যতাসম্পন্ন অভিবাসন বা পরিষেবা আইন বিষয়ক আইনজীবী বা একজন স্বীকৃত প্রতিনিধির সাথে কথা বলা উচিত।



Department of State
Office for New Americans

New Americans Hotline:

1-800-566-7636

Monday – Friday, 9 AM–8 PM EST

MULTI-LINGUAL AND CONFIDENTIAL